গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
E-mail: useofulbarikurigram@gmail.com

স্মারক নং-উমাশিঅ/ফুল/কুড়ি/২০২১/২২৭ তারিখ ঃ ০৫/১২/২০২১ খ্রিঃ।

বিষয় ঃ মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির সভা আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাধ্যমিক ও মাদরাসার শিক্ষা কমিটির ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাসের সভা আগামী ০৯.১২.২০২১ খ্রিঃ রোজ বৃহস্পিবার বেলা ১২.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর সভাপতিত্বে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম এ অনুষ্ঠিত হবে উক্ত সভায় আপনাকে যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় সমূহ ঃ

০১। শিক্ষা প্রতিষ্ঠানের বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত।
০২। ২০২২ শিক্ষাবর্ষের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ সংক্রান্ত।
০৩। মাধ্যমিক উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের ইউনিক আইডি সংক্রান্ত তথ্য আপলোড নিশ্চিত করণ।
০৪। বিবিধ।

প্রাপক ঃ জনাব ....................................................
ফুলবাড়ী,কুড়িগ্রাম।

(মোঃ আব্দুল হাই)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চঃদাঃ)
ও
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-উমাশিঅ/ফুল/কুড়ি/২০২১/২২৭/০৪ তারিখ ঃ ০৫/১২/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরন করা হলো ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০৪। অফিস নথি।

(মোঃ আব্দুল হাই)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চঃদাঃ)
ও
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

পরিশিষ্ট- "ক"

মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ০৯/১২/২০২১

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল লতিফ | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ২ | মোঃ মুসাব্বের আলী | চেয়ারম্যান<br>নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃ হারুন অর রশীদ | চেয়ারম্যান<br>ফুলবাড়ী সদর ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ এরশাদুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোঃ আব্দুল হাই | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
E-mail: useofulbarikurigram@gmail.com

ফুলবাড়ী উপজেলাধীন মাধ্যমিক ও মাদ্রাসার শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী।

সভার স্থান ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম ।
সভাপতি ঃ জনাব মোঃ আব্দুল লতিফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ০৯/১২/২০২১ খ্রিঃ । দুপুর ১২.০০ ঘটিকা।

সম্মানিত সদস্যগণের উপস্থিতি পরিশিষ্ট "ক" তে দেখানো হলো ঃ

অদ্যকার সভা উপজেলা ভাইস চেয়ারম্যান, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে শুরু করা হলো। সভার শুরুতেই সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রামকে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করতে বলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয়গুলি উপস্থাপন করেন। সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরুপ ঃ

| আলোচ্য বিষয় সমূহ | গৃহীত সিদ্ধান্ত সমূহ | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিবর্গ |
|---|---|---|
| বাল্য বিবাহ প্রতিরোধ | ফুলবাড়ী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী উপস্থিতি পর্যালোচনায় দেখা যায় যে, বাল্য বিবাহের কারনে শিক্ষার্থী উপস্থিতি কম বলে প্রধান শিক্ষকগণ জানান। এতদ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বাল্য বিবাহ প্রতিরোধে অভিভাবকসহ সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিষ্ঠান প্রধানগণ স্ব স্ব প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির/জিবি'র সদস্যগণের সাথে মতবিনিময় করবেন মর্মে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়। | USEO, প্রতিষ্ঠান প্রধান |
| ২০২২ শিক্ষাবর্ষে বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ | ফুলবাড়ী উপজেলার এবতেদায়ী, মাধ্যমিক, দাখিল পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সংরক্ষিত পাঠ্যপুস্তক গোডাউন হতে ২০২২ শিক্ষাবর্ষের তথ্য সংখ্যা অনুযায়ী পাঠ্যপুস্তক গ্রহণ করবেন এবং তথ্য সংখ্যার অতিরিক্ত পাঠ্যপুস্তক গ্রহণ না করার জন্য আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়। | USEO, প্রতিষ্ঠান প্রধান |
| শিক্ষার্থীর ইউনিক আইডি সংক্রান্ত তথ্য আপডেট | ফুলবাড়ী উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর ইউনিক আইডি সংক্রান্ত তথ্য প্রোফাইল আপডেট করনের জন্য অভিভাকগণের সাথে আলোচনা করে শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ গ্রহণ সম্পন্ন করার বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়। | USEO, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট শিক্ষক |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল লতিফ)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
**সভাপতি**
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
তারিখঃ ০৯/১২/২০২১ খ্রিঃ।

স্মারক নং- উমাশিঅ/ফুল/কুড়ি/২০২০/২৬৩,

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৪. জেলা শিক্ষা অফিসার কুড়িগ্রাম।
৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, .................................... কলেজ/স্কুল ও কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৬. অফিস নথি।

(মোঃ আব্দুল হাই)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চঃদাঃ)
ও